

এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন। (সকল বোর্ডের জন্য)

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র বিষয় কোড: ২৮৭

সময়- ২ঘন্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.► মিসেস লোপা 'অত্যাধুনিক ফ্যাশন' নামক একটি প্রতিষ্ঠানের মালিক। তিনি সবসময় ক্রেতাদের পছন্দ বিবেচনা করে পোশাক তৈরি করেন। এক্ষেত্রে তিনি ক্রেতাদের পরিবর্তিত চাহিদার প্রতি লক্ষ্য রাখেন। প্রতিযোগিতা বৃদ্ধি পাওয়ায় বর্তমানে তিনি ক্রেতাদের সাথে সম্পর্ক সৃষ্টি ও বজায় রাখার উপায় অধিক গুরুত্বারোপ করছেন। এ লক্ষ্যে সম্প্রতি তিনি Facebook ও SMS এর মাধ্যমে ক্রেতাদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করা শুরু করেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি বিক্রয় লক্ষ্য অর্জনে সক্ষম হন।

ক. বিনিময় কী? ১

খ. "বিপণন হলো ব্যবস্থাপকীয় প্রক্রিয়া"— ব্যাখ্যা করো। ২

গ. মিসেস লোপার প্রাথমিক কার্যক্রম বিপণনের কোন বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাম্প্রতিক সময়ে মিসেস লোপার গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা বিপণনের ক্রমবিকাশের পর্যায় উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

২.► ABC কোম্পানি দীর্ঘদিন যাবত মাশরুম বিপণন করে। এক্ষেত্রে তারা বিভিন্ন বয়সের জনগণের বিভিন্ন চাহিদার দিকে অধিক গুরুত্বারোপ করে। এ কারণে তাদের বিপণনকৃত মাশরুমের চাহিদা অনেক বেশি। তাদের সফলতায় উৎসাহিত হয়ে সম্প্রতি আরো কয়েকটি প্রতিষ্ঠান মাশরুম বিপণন শুরু করে। এর ফলে ABC কোম্পানির ব্যবস্থাপকরা চিন্তিত হয়ে পড়ে। বিদ্যমান পরিস্থিতি মোকাবেলা করার জন্য প্রতিষ্ঠানটি তাদের ভুল ত্রুটি সংশোধনের জন্য নতুন কৌশল প্রয়োগ করে এবং তাদের পণ্যের ছোটখাটো মান উন্নয়নের প্রতি গুরুত্বারোপ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যষ্টিক পরিবেশ কাকে বলে? ১

খ. "সামষ্টিক পরিবেশের উপাদানগুলো অনিয়ন্ত্রণযোগ্য"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ABC কোম্পানি প্রাথমিক পর্যায়ে সামষ্টিক পরিবেশের কোন উপাদানের উপর প্রাধান্য দিয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্প্রতি ABC কোম্পানি দুশ্চিন্তা থেকে উত্তরণের লক্ষ্যে সামষ্টিক পরিবেশের যে উপাদানকে প্রাধান্য দিয়েছে তার ধরন উল্লেখপূর্বক গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৩.► জনাব আশিক একজন ব্যবসায়ী। তিনি তার জমিতে আলু উৎপাদন করেন এবং পূর্ব নির্ধারিত মান অনুযায়ী আলুকে বিভিন্ন ভাগে ভাগ করেন। ক্রেতারাও তার উৎপাদিত আলু নিশ্চিত্তে ক্রয় করে। এ কারণে সম্প্রতি জনাব আশিক দেশের বিভিন্ন সুপারশপগুলোতে নামী প্রতিষ্ঠানের ব্র্যান্ডকৃত আলুর সরবরাহ থাকা সত্ত্বেও তার উৎপাদিত আলু সরবরাহ করা শুরু করেন।

- ক. ক্রয় কী? ১
- খ. “বিক্রয়কে বিপণনের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ বলা হয়”— ব্যাখ্যা করো। ২
- গ. জনাব আশিক প্রাথমিকভাবে বিপণনের কোন কার্যক্রম সম্পাদন করেন? বর্ণনা করো। ৩
- ঘ. জনাব আশিকের সাম্প্রতিক কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট উপযোগের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪. ▶ মিসেস আমিনা দেশের বিভিন্ন এলাকা থেকে ঘরে তৈরি পিঠা সংগ্রহ করে নিজস্ব দোকানের মাধ্যমে বিক্রয় করেন। সম্প্রতি তিনি একটি বৃহদায়তন দোকান উদ্বোধন করেন যেখানে শুধুমাত্র তৈরিকৃত পিঠা ছাড়াও গৃহস্থালি অন্যান্য জিনিসপত্রও বিক্রয় করা শুরু করেছেন। ফলে অনেক ক্রেতা তার দোকান থেকে পণ্য ক্রয় করা শুরু করেছে। বর্তমানে তিনি তার কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করছেন।

- ক. অটোমেটিক ভেন্ডিং কী? ১
- খ. “বহুশাখা বিপণির ক্রয় কেন্দ্রীভূত কিন্তু বিক্রয় বিকেন্দ্রীভূত”— ব্যাখ্যা করো। ২
- গ. মিসেস আমিনা কোন ধরনের ব্যবসায় কার্যক্রম পরিচালনা করেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. সাম্প্রতিক সময়ে মিসেস আমিনার কার্যক্রমের যৌক্তিকতা খুচরা প্রতিষ্ঠানের ধরন উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪


৫. ▶ ‘ওমর হোম এ্যাপ্লায়েন্স লিমিটেড’ একটি ইলেকট্রনিক্স সামগ্রী বিক্রয়কারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের ক্রেতাদের নিকট নগদ ও কিস্তিতে টিভি, ফ্রিজ, এসি ইত্যাদি পণ্য বিক্রয় করে। এমনকি প্রতিষ্ঠানটি ক্রেতাদেরকে নগদে ক্রয়ের ক্ষেত্রে ১০% ডিসকাউন্ট প্রদান করে। আবার কিস্তিতে বিক্রয়ের ক্ষেত্রে কোন ক্রেতা তিন মাসের মধ্যে মূল্য পরিশোধ করলে তাকে প্রতিষ্ঠানের নিকট অতিরিক্ত কোন অর্থ প্রদান করতে হয় না। এই সকল কারণে অনেক ক্রেতা উক্ত প্রতিষ্ঠান থেকে পণ্য ক্রয়ে আগ্রহ প্রকাশ করছে।

- ক. লোভনীয় পণ্য কাকে বলে? ১
- খ. “জরুরি পণ্যের চাহিদা অনিয়মিত ও অস্থিতিস্থাপক” — ব্যাখ্যা করো। ২
- গ. ‘ওমর হোম এ্যাপ্লায়েন্স লি.’ কোন ধরনের পণ্য বিক্রয় করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ‘ওমর হোম এ্যাপ্লায়েন্স লিমিটেড’ এর সাফল্য অর্জনের ক্ষেত্রে বিপণন মিশ্রণের যে উপাদানের উপর গুরুত্বারোপ করেছে তা উল্লেখপূর্বক এর যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৬. ▶ মিসেস অপর্ণা একটি জীবন বিমা প্রতিষ্ঠানে কাজ করেন। প্রতিষ্ঠানটি নতুন বলে ক্রেতারাও প্রতিষ্ঠান এবং এর পলিসি সম্পর্কে তেমন কিছু জানে না। তীব্র প্রতিযোগিতা মোকাবেলা করার জন্য প্রতিষ্ঠানটি অন্যান্য প্রতিযোগী প্রতিষ্ঠানের মূল্যের সাথে সামঞ্জস্য রেখে তাদের পলিসিগুলোর মূল্য নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে। এতে প্রতিষ্ঠানটি সফলতা অর্জন করেছে।

- ক. পণ্যের জীবন-চক্র কী? ১
- খ. “রিবেট ক্রেতাকে পণ্য ক্রয়ে আগ্রহী করে”— ব্যাখ্যা করো। ২
- গ. মিসেস অপর্ণা প্রতিদিন কোন ধরনের পণ্য বিক্রয় করে? বর্ণনা করো। ৩
- ঘ. প্রতিষ্ঠানটি মূল্য নির্ধারণের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণ করে তা উল্লেখপূর্বক এর যথার্থতা মূল্যায়ন করো। ৪
৭. ▶ মিসেস শামীমা দেশের বিভিন্ন অঞ্চল থেকে পণ্য সামগ্রী সংগ্রহ করে ঢাকায় বিভিন্ন এলাকায় বাড়ি বাড়ি ঘুরে বিক্রয় করেন। সাম্প্রতিক সময়ে তিনি লক্ষ্যস্থিত প্রত্যেক ক্রেতাদের সরাসরি যোগাযোগ করে পণ্য বিক্রয় শুরু করেন। এর ফলে অল্প সময়ের মধ্যে তার ক্রেতার সংখ্যা বৃদ্ধি পেয়েছে।
- ক. বাট্টা বিপণি কী? ১
- খ. “ডিপার্টমেন্ট স্টোর একই বিল্ডিং এ অবস্থিত হয়” বর্ণনা করো। ২
- গ. মিসেস শামীমা প্রাথমিক পর্যায়ে কোন ধরনের প্রত্যক্ষ বিপণন কৌশল ব্যবহার করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. সাম্প্রতিক সময়ে মিসেস শামীমা যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তার যৌক্তিকতা (ব্যবহৃত প্রসার কৌশলের ধরন উল্লেখপূর্বক) বিশ্লেষণ করো। ৪
৮. ▶ ‘ফ্যামিলি মার্ট’ একটি বৃহদায়তন খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তার বিক্রয়কর্মীদের সাহায্যে সরাসরি ক্রেতাদের নিকট পণ্য বিক্রয় করে। প্রতিষ্ঠানটি বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে একজন ব্যক্তির পণ্য সংক্রান্ত জ্ঞানকে অধিক প্রাধান্য দিয়ে থাকে। ফলে গ্রাহকরাও বিক্রয়কর্মীর সহায়তায় সহজে পণ্য ক্রয় করে থাকে।
- ক. নৈতিক গুণাবলি কী? ১
- খ. বিক্রয়িকতা কি শিক্ষালব্ধ না জন্মগত? ব্যাখ্যা করো। ২
- গ. ফ্যামিলি মার্ট তাদের পণ্য বিক্রয়ের ক্ষেত্রে প্রমোশনের কোন কৌশলটি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. কর্মী নিয়োগের ক্ষেত্রে উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি বিক্রয়কর্মীর যে গুণাবলিকে প্রাধান্য দিয়েছে তার ধরণ উল্লেখপূর্বক এর যথার্থতা ব্যাখ্যা করো। ৪
৯. ▶ ‘গুড হেল্থ লিমিটেড’ একটি ঔষধ বিপণনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিভিন্ন সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ করার কারণে অল্প সময়ের মধ্যে ব্যাপক পরিচিতি অর্জন করে। প্রতিষ্ঠানটির সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণের খবর বিভিন্ন পত্রিকার সম্পাদকীয়তেও অনুকূলভাবে উপস্থাপিত হয়েছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি টিভি ও রেডিওতে তাদের পণ্যের প্রসারের জন্য প্রচুর অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণ করে।

- ক. ট্রানজিট বিজ্ঞাপন কী? ১
- খ. “বহিঃবিজ্ঞাপন হলো উন্মুক্ত বিজ্ঞাপন”— ব্যাখ্যা করো। ২
- গ. উল্লেখিত উদ্দীপকে প্রাথমিকভাবে প্রতিষ্ঠানের সামাজিক কর্মকাণ্ডের তথ্য উপস্থাপনের জন্য যে উপায় অবলম্বন করা হয়েছে তাকে কী বলে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. প্রতিষ্ঠানটির সাম্প্রতিক সময়ে গৃহীত প্রমোশন কৌশলের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪
১০. ▶ ‘টুইস্ট বেভারেজ লিমিটেড’ এর বিপণনকৃত চিয়াস ব্রান্ডের কোমল পানীয় সকলের কাছে খুব জনপ্রিয়। প্রতিষ্ঠানটি ভোক্তাদের নিকট পণ্য পৌঁছানোর জন্য নিম্নোক্ত বণ্টন প্রণালী অনুসরণ করে।



- এই প্রণালী ব্যবহারের ফলে ভোক্তাদের কাছে খুব সহজেই পণ্য পৌঁছানো যায়।
- ক. একসত্তর বিশিষ্ট বণ্টন প্রণালী কী? ১
- খ. “দালাল তার কাজের বিনিময়ে কমিশন পায়”— ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি কোন ধরনের পণ্য বিপণন করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটির বণ্টন প্রণালী দীর্ঘ না সংক্ষিপ্ত? বণ্টন প্রণালীর প্রকৃতি উল্লেখপূর্বক যৌক্তিকভাবে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪
১১. ▶ জনাব করিম রাজশাহীতে একটি বিপণি প্রতিষ্ঠা করেন। পর্যায়ক্রমে তিনি অন্যান্য জেলা শহরে উক্ত বিপণির আরো কয়েকটি শাখা স্থাপন করেন। পর্যায়ক্রমে তিনি অন্যান্য জেলা শহরে উক্ত বিপণির আরো কয়েকটি শাখা স্থাপন করেন। তার বিপণির সকল শাখায় বিক্রিত পণ্যের সাজসজ্জায় সামঞ্জস্য লক্ষ্য করা যায়। তিনি বিভিন্ন উৎস থেকে পণ্য ক্রয় করে তার প্রতিষ্ঠানের বিভিন্ন শাখায় প্রেরণ করেন। সম্প্রতি পণ্য সম্পর্কিত বিভিন্ন তথ্য প্রদান এবং ক্রেতাদের সাথে সরাসরি ইলেকট্রনিক উপায়ে যোগাযোগের জন্য তিনি একটি ওয়েবসাইট চালু করেন। এতে তার প্রতিষ্ঠানের বিক্রয় অনেক বেড়ে গিয়েছে।
- ক. পরিকল্পিত বিপণিকেন্দ্র কাকে বলে? ১
- খ. “গ্রিন মার্কেটিং পরিবেশবান্ধব পণ্য বিপণনকে উৎসাহিত করে”— ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব করিমের সম্প্রতি গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা প্রত্যক্ষ বিপণনের ধরণ উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নিচের কোনটি বিপণনের মৌলিক ধারণার অন্তর্ভুক্ত?

- ক) বিনিময় খ) বণ্টন
গ) প্রসার ঘ) উৎপাদন

২. সামাজিক বিপণন যুগ কত সাল থেকে শুরু হয়?

- ক) ১৮৫০ খ) ১৯২০
গ) ১৯৫০ ঘ) ১৯৭০

৩. কোন ধরনের পরিবেশ পণ্য বিপণনে অসীম সুযোগ সৃষ্টি করে?

- ক) প্রাকৃতিক খ) সাংস্কৃতিক
গ) প্রযুক্তিগত ঘ) রাজনৈতিক

৪. নিচের কোন উপাদানটি অর্থনৈতিক পরিবেশের বহির্ভূত?

- ক) মুদ্রাস্ফীতি খ) কাঁচামাল
গ) সঞ্চয় ঘ) বিনিয়োগ

৫. জনাব সবুজ পলিথিন ব্যাগ নিষিদ্ধ হওয়ার পর কাগজের ব্যাগ তৈরি ও বিপণনে উদ্যোগী হন। এতে তিনি আর্থিকভাবে বেশ লাভবান হন। পরবর্তীতে কিছু ব্যবসায়ী আবার পলিথিন ব্যাগের বিক্রয় আরম্ভ করলে জনাব সবুজ চিন্তিত হয়ে পড়েন। উদ্দীপকে জনাব সবুজের ব্যাগ তৈরি ও বিপণনের বিষয়টিতে বিপণন পরিবেশের কোন উপাদান প্রভাব ফেলেছে?

- ক) সাংস্কৃতিক খ) অর্থনৈতিক
গ) রাজনৈতিক ঘ) প্রযুক্তিগত

৬. ওয়ারেন্টি, হোম ডেলিভারি ইত্যাদি বিপণনের কোন কাজের অন্তর্ভুক্ত?

- ক) বিজ্ঞাপন খ) পরিবহন
গ) গুদামজাতকরণ ঘ) বিক্রয়োত্তর সেবা

৭. পর্যায়িতকরণ হলো-

- i. শারীরিক কাজ
ii. মানসিক কাজ
iii. উৎপাদনমূলক কাজ

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৮. নিচের কোনটি ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তি?

- ক) আয় খ) প্রযুক্তি
গ) শক্তি ঘ) কভারেজ

৯. 'ফেয়ার এন্ড স্মুথ' একটি টয়লেট্রিজ বিপণনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের নতুন স্মুথ ব্রান্ডের শ্যাম্পু সম্পর্কে পত্র-পত্রিকা ও টেলিভিশনে প্রসার কার্যক্রম পরিচালনা করে। বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে সম্প্রতি প্রতিষ্ঠানটি ক্রেতাদের তিন দিনব্যাপী মিনিপ্যাক শ্যাম্পু বিনামূল্যে প্রদান করেছে।

প্রতিষ্ঠানটির গৃহীত প্রসারমূলক কৌশল হলো-

- i. বিজ্ঞাপন
ii. বিক্রয় প্রসার
iii. প্রচার

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. নিচের কোনটি শপিং পণ্য?

- ক) তেল খ) ম্যাগাজিন
গ) অলঙ্কার ঘ) বিশ্বকোষ

১১. পণ্যের জীবন চক্রের কোন স্তরে প্রতিযোগিতা সবচেয়ে বেশি?

- ক) পণ্য উন্নয়ন খ) সূচনা
গ) প্রবৃদ্ধি ঘ) পূর্ণতা

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
মিসেস মিশু ঢাকার মিরপুরে প্রচুর সংখ্যক ক্রেতা এবং পণ্যের সহজপ্রাপ্যতার ওপর ভিত্তি করে একটি মুদি দোকান গড়ে তোলেন। তার দোকানের বিক্রয় দিন দিন বেড়ে চলেছে। সম্প্রতি উক্ত এলাকায় অনুরূপ দোকানের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় তিনি চিন্তিত হয়ে পড়েছেন।

১২. মিসেস মিশুর দোকানে কোন ধরনের পণ্য বিক্রয় করা হয়?

- ক) বিশিষ্ট পণ্য খ) শপিং পণ্য
গ) সুবিধা পণ্য ঘ) অযাচিত পণ্য

১৩. ক্রেতাদের ধরে রাখার জন্য মিসেস মিশুর করণীয় হলো-

- i. মানসম্মত পণ্য বিক্রয়
ii. উপযুক্ত মূল্যে পণ্য বিক্রয়
iii. প্রয়োজনের অতিরিক্ত পণ্য মজুদ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. জনাব সালেহীন শীতকালে ১৫০০ টাকা দিয়ে একটি ফ্যান ক্রয় করেন। গ্রীষ্মকালে উক্ত ফ্যানের মূল্য ছিল ২০০০ টাকা। কম মূল্যে ফ্যান ক্রয় করতে পেরে জনাব সালেহীন অত্যন্ত খুশি। জনাব সালেহীনের প্রাপ্ত বাট্টাকে কী বলে?

- i. নগদ বাট্টা
ii. মৌসুমি বাট্টা
iii. পরিমাণ বাট্টা

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

১৫. পাইকার তার কাজের বিনিময়ে কী পায়?

- ক) মুনাফা খ) কমিশন
গ) মজুরি ঘ) বেতন

১৬. বাটা সু কোম্পানি কোন ধরনের খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান?

- ক) বিভাগীয় বিপণি খ) বহুশাখা বিপণি
গ) অটোমেটিক ভেন্ডিং ঘ) ওয়্যারহাউজ ক্লাব

১৭. সীমিত সেবাদানকারী পাইকার হলো-

- i. ড্রপ শিপারস
ii. রয়াক জবারস
iii. স্পেশালটি পাইকার
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. বিজ্ঞাপন কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করে?

- ক) সময়গত খ) সত্তাগত
গ) ঝুঁকিগত ঘ) জ্ঞানগত

১৯. নিচের কোনটি বিক্রয় প্রসারের কৌশল?

- ক) প্রচার খ) স্পন্সরশিপ
গ) ফ্রি গিফট ঘ) বিলবোর্ড

উদ্দীপকটি পড়ো ২০ এবং ২১ নং প্রশ্নের উত্তর দাও।

'এ্যাগ্রো লিমিটেড' কৃষি কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতির উৎপাদনকারী। তারা তাদের পণ্য পাইকারদের উদ্দেশে বিক্রয়ের লক্ষ্যে বিভিন্ন মাধ্যমে বিজ্ঞাপন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

২০. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানের পণ্যের বিজ্ঞাপনের জন্য কোন ধরনের বিজ্ঞাপন মাধ্যম সবচেয়ে উপযোগী?

- ক) রেডিও খ) টেলিভিশন
গ) চলচ্চিত্র ঘ) সাময়িকী

২১. বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে 'এ্যাগ্রো লিমিটেড' যে সুবিধা পায় তা হলো-

- i. কৃষি যন্ত্রপাতির পরিচিতি
ii. বিক্রয় বৃদ্ধি
iii. উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. নিচের কোনটি বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলি?

- ক) বিশ্বস্ততা খ) আত্মবিশ্বাস
গ) কল্পনাশক্তি ঘ) মিশুক স্বভাব

২৩. ক্রেতাদের অভিযোগ নিষ্পত্তির কৌশল কোনটি?

- ক) বিজ্ঞাপন খ) বিক্রয় প্রসার
গ) ব্যক্তিক বিক্রয় ঘ) গণসংযোগ

২৪. ডিপার্টমেন্ট স্টোরের বৈশিষ্ট্য হলো-

- i. কেন্দ্রীভূত ক্রয়
ii. কেন্দ্রীয় ব্যবস্থাপনা
iii. কেন্দ্রীভূত বিক্রয়
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।

'ভিসাটো অটোমোবাইল' তাদের প্রস্তুতকৃত গাড়িতে পরিবেশবান্ধব যন্ত্রপাতি ব্যবহার করে। এতে করে পরিবেশের ভারসাম্য রক্ষা করা সম্ভব হচ্ছে।

২৫. পরিবেশবান্ধব যন্ত্রপাতির ব্যবহার কোন ধরনের মার্কেটিং এর অন্তর্ভুক্ত?

- ক) অনলাইন খ) গ্রিন
গ) কিয়স্ক ঘ) ক্যাটালগ

২৬. ভিসাটো অটোমোবাইলের ব্যবহৃত যন্ত্রপাতির মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো-

- i. পরিবেশ উন্নয়ন
ii. ব্যয় হ্রাস
iii. সামাজিক কল্যাণ
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. 3R-এর পূর্ণরূপ কী?

- ক) Reduce, Re-use, Rest
খ) Reduce, Race, Re-cycle
গ) Reduce, Re-use Re-cycle
ঘ) Race, Re-use, Re-cycle

২৮. সুপার মার্কেটের অসুবিধা হলো-

- i. পরিচালনাগত জটিলতা
ii. বৈচিত্র্যময় পণ্যের অভাব
iii. প্রত্যক্ষ যোগাযোগের অভাব
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. নিচের কোনটি প্রত্যক্ষ বিপণনের বৈশিষ্ট্য?

- ক) নৈর্ব্যক্তিক যোগাযোগ
খ) আন্তঃক্রিয়াশীল যোগাযোগ
গ) পরোক্ষ যোগাযোগ
ঘ) অ-অর্থ ব্যয়ে যোগাযোগ

৩০. নিচের কোনটি লোডনীয় পণ্য?

- ক) মোবাইল খ) আইসক্রিম
গ) রুটি ঘ) পোশাক

১	ক	২	ঘ	৩	গ	৪	খ	৫	ঘ	৬	ঘ	৭	ক	৮	ক	৯	ক	১০	গ	১১	ঘ	১২	গ	১৩	ঘ	১৪	ঘ	১৫	ক
১৬	ঘ	১৭	ক	১৮	ঘ	১৯	গ	২০	খ	২১	ক	২২	ক	২৩	গ	২৪	গ	২৫	খ	২৬	খ	২৭	গ	২৮	ঘ	২৯	ঘ	৩০	ঘ